

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৮/২০১৪

অভিযোগকারী : মোছাঃ সাহিদা বেগম

স্বামী-মোঃ আঃ ছালাম

গ্রাম-কৃষ্ণপুর

পোস্ট-মোগলবাসা

থানা+জেলা-কুড়িগ্রাম।

প্রতিপক্ষ : জনাব মোঃ কাওছার আলী

সচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়

কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী মোছাঃ সাহিদা বেগম ১৬-০১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ কাওছার আলী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. মোগলবাসা ইউনিয়ন পরিষদের ইউপি সদস্যগণের ইউপি হিস্যার সম্মানী ভাতা আগষ্ট/২০১১ ইং হইতে ডিসেম্বর/২০১৩ পর্যন্ত প্রতিবেদনের কপি ও সম্মানী ভাতার প্রাপ্তি পত্র স্বীকারের কপি।
২. ইউনিয়ন কমপ্লেক্স ভবনের রুম বরাদ্দের কপি।
৩. পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত ২০১২-২০১৩ অর্থ বছরের প্রকল্প সমূহের তালিকা, কমিটির তালিকা, সুফল-ভোগীর তালিকা।
৪. মোগলবাসা ইউনিয়ন পরিষদ কর্তৃক জি আর ক্যাশ বিতরণের তালিকা।
৫. বিশেষ বরাদ্দ ভিজিএফ ঈদুল ফিতর/১৩ উদযাপন উপলক্ষে বিতরনকৃত চাউলের মাষ্টাররোলের কপি।
৬. ২০১০-২০১১ অর্থ বছরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলমারী বিতরণের তালিকার কপি।
৭. ২০১২-২০১৩ অর্থ বছরের ট্রানের চেউ টিন বিতরণের তালিকা।
৮. ২০১২-২০১৩ অর্থ বছরের শীত বস্ত্র (সুয়েটার) বিতরণের তালিকা।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১২-০২-২০১৪ তারিখে জনাব মোঃ এনামুল হক, ইউপি চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৫-০৬-২০১৪ ও ১২-০৬-২০১৪ তারিখে একই বিষয়ে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী মোছাঃ সাহিদা বেগম ও প্রতিপক্ষ জনাব মোঃ কাওছার আলী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর

(অঃ পৃঃ দ্রঃ)

নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম তার বক্তব্যে উল্লেখ করেন যে, সমন পাবার পর অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন সম্পর্কে জানতে পারেন। ইউপি চেয়ারম্যানকে তথ্য দেয়ার ব্যাপারে অবগত করলে তিনি তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে তথ্য সরবরাহ করার জন্য বলেন। পরবর্তীতে অভিযোগকারীকে মৌখিকভাবে তথ্য মূল্য পরিশোধের জন্য বলা হয় কিন্তু তিনি তথ্য মূল্য পরিশোধ না করায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি প্রস্তুত রয়েছে তথ্য মূল্য প্রাপ্তি সাপেক্ষে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে মৌখিকভাবে তথ্য মূল্য পরিশোধের জন্য বলেন। অভিযোগকারী তথ্য মূল্য পরিশোধ না করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ০৭ নং মোগলবাসা ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার